গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১ নং কার্যক্রমের আওতায় সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অংশ হিসেবে অফিস ব্যবস্থাপনা কার্যক্রম সহজিকরণের উদ্দেশ্যে অফিসের স্টোর ব্যবস্থাপনা ডিজিটাইজেশনের লক্ষ্যে NTRCA Inventory/Store Management System নামে একটি সফ্টওয়ার প্রস্তুত করা হয়েছে। উক্ত সফ্টওয়ারের মাধ্যমে এনটিআরসিএ-এর কর্মকর্তা ও কর্মচারীগণ প্রাপ্যতা অনুযায়ী অনলাইনে চাহিদাপত্র দাখিল করে স্টোরে রক্ষিত প্রয়োজনীয় মালামাল গ্রহণ করতে পারবেন। উক্ত সফ্টওয়ারের মাধ্যমে স্টোরে রক্ষিত মালামালের সঠিক পরিসংখ্যান নিরুপন, প্রাপ্যতা অনুসারে মালামাল সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ, সরকারি সম্পদের অপচয় রোধ এবং সামগ্রিক প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণ সম্ভব হবে।

উদ্ভাবনের শিরোনাম: অফিসের স্টোর ব্যবস্থাপনা ডিজিটাইজেশনের লক্ষ্যে NTRCA Inventory/Store Management System শীর্ষক সফ্টওয়ার প্রস্তুতকরণ।

বিদ্যমান সমস্যার বিবরণ:

- অফিসের স্টোরে মালামালের সঠিক হিসাব ম্যানুয়ালি রেজিস্টারে এন্ট্রি করতে হয়।
- ম্যানুয়াল পদ্ধতিতে এনটিআরসিএ-এর স্টোরে রক্ষিত মালামাল স্টক রেজিষ্ট্রারে এন্ট্রি করতে সময় ও শ্রমের অপচয় হয়।
- কর্মকর্তা/কর্মচারীদের অফিসে ব্যবহার্য যে কোনো মালামাল/পণ্যের জন্য ম্যানুয়াল পদ্ধতিতে চাহিদা প্রদান করতে হয় বিধায় কাল বিলম্ব হয়।
- স্টোরে রক্ষিত মালামাল ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ করার ফলে প্রতিবার রেজিষ্ট্রার যাচাই করতে হয়। এতে অনেক সময় ব্যয় হয়।
- ম্যানুয়াল পদ্ধতিতে মালামাল বিতরণের ফলে ভুলের সম্ভাবনা বেশী থাকে।
- কর্মকর্তা ও কর্মচারীগণের প্রাপ্যতা অনুযায়ী মালামাল বিতরণের সময় সর্বশেষ গৃহীত মালামাল গ্রহণের তারিখ ও পরিমাণ/সংখ্যা স্টক রেজিষ্ট্রার হতে যাচাই করতে হয়।
- একজন একটি পণ্য কতবার চাহিদা দিয়েছে, কতটি ব্যবহার করেছে অর্থাৎ স্টোর হতে কতবার Disburse হয়েছে তার নির্ভুল হিসাব রাখা সম্ভব হয় না।
- বিদ্যামান পদ্ধতিতে স্টোরে রক্ষিত মালামালের মেয়াদ উত্তীর্ণের তারিখ স্টক রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করার কোনো পদ্ধতি না থাকায় নিয়মিত অকেজো বা মেয়াদ উত্তীর্ণ মালামাল বিনষ্টকরণের ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হয়।
- স্টোরে রক্ষিত মালামাল কোন স্থানে বা কোন রেকে রয়েছে বিদ্যমান পদ্ধতিতে তা উল্লেখ না থাকায় জরুরি প্রয়োজনে স্বল্পসময়ে দ্রুততার সঙ্গে মালামাল বিতরণ করা সম্ভব হয় না।
- বিদ্যমান পদ্ধতিতে একটি চাহিদা দেয়া থেকে শুরু করে তা অনুমোদন হওয়া পর্যন্ত প্রায় ২ দিন সময় লাগে।
- বিদ্যমান পদ্ধতিতে মালামালের চাহিদা দিতে একটি নির্দিষ্ট ফরম পূরণ করে চাহিদা দিতে হয় যা কাগজ এবং প্রিন্ট দুটোয় অপচয় হয় ফলে সরকারি সম্পদের অপচয় হয়।

সমাধান প্রক্রিয়ার সংক্ষিপ্ত বিবরণ:

- অফিস স্টোরে ম্যানেজমেন্ট এর জন্য এটি একটি ব্যবহার বান্ধব সফ্‌টওয়ার।
- অফিসের স্টোরে মালামালের সঠিক হিসেব সিস্টেম অটোমেটিক্যালি হয়ে যায়; যার জন্য ম্যানুয়ালি হিসাব রাখার আর প্রয়োজন নেই।
- সফ্‌টওয়ারের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে মালামাল স্টক রেজিষ্ট্রারে এন্ট্রি করতে সময় ও শ্রমের অপচয় রোধ করা সম্ভব হবে।
- একজন ইউজার অফিসে ব্যবহার্য যে কোন মালামাল/পণ্যের জন্য তার নিজস্ব একাউন্টে লগিন করে অনলাইনে Inventory Request প্রদান করতে পারে বিধায় ম্যানুয়াল পদ্ধতিতে আর চাহিদা প্রদান করার প্রয়োজন হবে না।
- স্টোরে রক্ষিত মালামাল ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করার ফলে প্রতিবার রেজিষ্ট্রার যাচাইয়ে প্রয়োজন হবে। না। এতে সময় সাশ্রয় হবে।
- ডিজিটাল পদ্ধতিতে মালামাল বিতরণের ফলে ভুলের সম্ভাবনা কম থাকে।
- ডিজিটাল পদ্ধতিতে কর্মকর্তা ও কর্মচারীগণের প্রাপ্যতা অনুযায়ী মালামালের পরিমাণ নির্দিষ্ট করা থাকবে।
- মালামাল বিতরণের সময় সর্বশেষ গৃহীত মালামাল গ্রহণের তারিখ ও পরিমাণ/সংখ্যা অনলাইনে যাচাই করা যাবে।
- বিদ্যামান পদ্ধতিতে স্টোরে রক্ষিত মালামালের মেয়াদ উত্তীর্ণের তারিখ সফ্‌টওয়ারে লিপিবদ্ধ করা থাকবে। এতে অকেজো বা মেয়াদ উত্তীর্ণ মালামাল বিনষ্টকরণের ক্ষেত্রে সুবিধা হবে।
- স্টোরে রক্ষিত মালামাল কোন স্থানে বা কোন জায়গায় রয়েছে ডিজিটাল পদ্ধতিতে তা উল্লেখ থাকবে। এতে জরুরি প্রয়োজনে স্বল্পসময়ে দ্রুততার সঙ্গে মালামাল বিতরণ করা সম্ভব হবে।
- সরকারি সম্পদের অপরোধ করা সম্ভব হবে।
- একজন ইউজার অফিসে ব্যবহার্য যে কোন মালামাল/পন্যের জন্য ম্যানুয়েল পদ্ধতিতে চাহিদা প্রদান করতে হয় বিধায় কাল বিলম্ব হয়।

# FLOW CHART OF NTRCA STORE/INVENTORY MANAGEMENT SYSTEM

**User Management:**





Figure : Create User





Figure : Update User





Figure: Delete User

**Inventory Request process:**





Figure : Inventory Request

**Approval Process:**





Figure : Approval Process

**Disbursement Process:**





Figure : Disbursement Proces

**Item Management:**







Figure: Item Management

## প্রসেসম্যাপ (উদ্ভাবনের পূর্বের অবস্থা):




## প্রসেসম্যাপ (উদ্ভাবনের পরবর্তী অবস্থা):



## উদ্ভাবনের পূর্বের ও পরের TCV Analysis তথা (Time, Cost & Visit) এর তুলনা:

| | উদ্ভাবনের পূর্বের পদ্ধতি | উদ্ভাবনের পরের পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ৩ দিন | ১দিন |
| খরচ (অফিসের) | পেপার, প্রিন্টিং এর খরচ | পেপারলেস সিস্টেম |
| যাতায়াত | নেই | নেই |
| ধাপ | ০৬টি | ০৪ টি |
| জনবল | ০৫ জন | ০৩ জন |

উপরের TVC Analysis বিশ্লেষণ করলে প্রতীয়মান হয় যে, অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত একটি সেবা তৈরির লক্ষ্যে NTRCA Inventory /Store Management Systemনামের সফ্টওয়্যার প্রস্তুতের ফলে খুব সহজেই অফিসের স্টোরে মালামালের সঠিক হিসাব রাখা যায়। স্টোরে কি পরিমাণ মালামাল যুক্ত হলো এবং কি পরিমাণ মালামাল স্টোর থেকে বিতরণ করা হলো তার সকল বিষয় Store Management System এ নির্ভুল ভাবে প্রদর্শন করে ফলে Transparency রক্ষা করা সম্ভব হয়। এই সফটওয়্যারটির মাধ্যমে একজন ইউজার Inventory Request দেওয়ার পর তা Approver এর কাছে যায় এবং Approved হওয়ার পরেই তা স্টোর থেকে Disburse হয়। স্টোরে মালামাল যুক্ত হওয়ার ক্ষেত্রেও Approver এর অনুমতি সাপেক্ষে তা স্টোরে যুক্ত হয়। অর্থাৎ স্টোর ব্যবস্থাপনার সকল বিষয় সিস্টেমে হয়ে থাকে বিধায় আর কোনো কিছু ম্যানুয়ালি করতে হয় না। তাই বলা যেতে পারে এটি একটি পেপারলেস সিস্টেম।

সফ্টওয়্যারটির বর্তমান url/লিঙ্ক - http://inventory.ntrcaleave.xyz/login

১৪/০৬/২৪

(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ও
ইনোভেশন অফিসার
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১